রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২১ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ /০৬ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং ২৬৭-আইন/২০২০।**—বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১ (২০০১ সনের ৩২ নং আইন) এর ধারা ১৬ তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা শিল্পী কল্যাণ বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **"অস্বচ্ছল শিল্পী বা সংস্কৃতিসেবী"** অর্থ বার্ধক্যজনিত শারীরিক অক্ষমতা, অসুস্থতা, দুর্ঘটনা বা অনুরূপ কারণে উপার্জনে অক্ষম বা জীবন ধারণের জন্য সন্তোষজনক কোনো আয় নাই এমন শিল্পী বা সংস্কৃতিসেবী;

(খ) **"আইন"** অর্থ বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১ (২০০১ সনের ৩২ নং আইন);

(গ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল; এবং

(ঘ) **"সংস্কৃতিসেবী"** অর্থ সংস্কৃতির যে কোনো ক্ষেত্রে সৃজনশীল ব্যক্তি বা শিল্পের উৎকর্ষ সাধনে অবদানের জন্য স্বীকৃত কোনো সাংস্কৃতিক ব্যক্তিত্ব।


মূল্যঃ টাকা ৮.০০

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সে অর্থে প্রযোজ্য হইবে।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোনো বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলি প্রাধান্য পাইবে।

৪। **অনুদান বা আর্থিক সহায়তা প্রাপ্তির যোগ্যতা।**— এই বিধিমালার অধীন অনুদান বা আর্থিক সহায়তা প্রাপ্তির নিমিত্ত আবেদনকারীর নিম্নলিখিত যোগ্যতা থাকিতে হইবে, যথা:—

(ক) বাংলাদেশের নাগরিক হইতে হইবে;

(খ) শিল্পী বা সংস্কৃতিসেবী হইতে হইবে;

(গ) অন্যূন ৪০ (চল্লিশ) বৎসর বয়সী হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, বোর্ড বিশেষ বিবেচনায় উক্ত বয়সসীমার ব্যতিক্রম করিতে পারিবে;

(ঘ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশেষ অবদান থাকিতে হইবে।

৫। **আবেদন দাখিল ও বাছাই।**—(১) বোর্ড প্রত্যেক বৎসর জানুয়ারি মাসের মধ্যে কেন্দ্রীয়ভাবে এই বিধিমালার অধীন অনুদান বা আর্থিক সহায়তা প্রাপ্তির নিমিত্ত আবেদন আহ্বান করিয়া গণমাধ্যম, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও ট্রাস্টের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রচার করিবে।

(২) অনুদান বা আর্থিক সহায়তা প্রত্যাশী অস্বচ্ছল শিল্পী বা সংস্কৃতিসেবীকে তফসিলে উল্লিখিত আবেদন ফরম পূরণপূর্বক আনুষঙ্গিক কাগজপত্রসহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে—

(ক) ঢাকা মহানগরীর ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালকের নিকট;

(খ) ঢাকা মহানগরী ব্যতীত অন্যান্য মহানগরীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট; এবং

(গ) জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট আবেদন দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, অনলাইনে উক্ত আবেদন দাখিলের ক্ষেত্রে সরাসরি ব্যবস্থাপনা পরিচালকের নিকট দাখিল করিতে হইবে।

(৩) জেলা প্রশাসক বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হইবার পরবর্তী ১০(দশ) কার্য দিবসের মধ্যে উপ-বিধি (২) এর দফা (খ) ও (গ) এর অধীন প্রাপ্ত আবেদন ব্যবস্থাপনা পরিচালকের নিকট প্রেরণ করিবেন।

(৪) উপ-বিধি (২) ও (৩) অনুযায়ী দাখিলকৃত আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের জন্য সরকার নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি উপ-কমিটি গঠন করিবে, যথা:—

(ক) বোর্ডের ব্যবস্থাপনা পরিচালক, যিনি উহার আহ্বায়কও হইবেন;

(খ) বোর্ড কর্তৃক মনোনীত ৩(তিন) জন সদস্য;

(গ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন গঠিত উপ-কমিটি অনুদান বা আর্থিক সহায়তা প্রাপ্তির নিমিত্ত যোগ্য আবেদনকারী যাচাই-বাছাইক্রমে প্রস্তুতকৃত তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য বোর্ডের নিকট সুপারিশ করিবে।

(৬) **অনুমোদন ও বাস্তবায়ন**।—(১) বাছাইকৃত আবেদনসমূহ বোর্ড অনুমোদন এবং বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করিবে।

(২) বোর্ড সুপারিশকৃত অস্বচ্ছল শিল্পী বা সংস্কৃতিসেবীগণের অনুদান বা আর্থিক সহায়তা প্রদানের বিষয়টি চূড়ান্ত করিবে এবং বোর্ড কর্তৃক অনুমোদিত হারে ব্যবস্থাপনা পরিচালক মঞ্জুরি আদেশ জারি করিবে।

(৩) আইনের ধারা ৭ এর দফা (ছ) মোতাবেক দুর্ঘটনায় কোনো শিল্পী বা সংস্কৃতিসেবীর মৃত্যু হইলে তাহার পরিবারকে চেয়ারম্যান তাৎক্ষণিক অনধিক ২ (দুই) লক্ষ টাকা অনুদান বা আর্থিক সহায়তা প্রদান করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, প্রদত্ত অনুদান বা আর্থিক সহায়তা পরবর্তীতে বোর্ড কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

৭। **অনুদান প্রদান পদ্ধতি**।—(১) ট্রাস্টের সামর্থ বিবেচনায় বোর্ড কর্তৃক অনুমোদিত হারে অনুদান বা আর্থিক সহায়তা প্রদান করা হইবে।

(২) বোর্ড, সময় সময়, অনুদান বা আর্থিক সহায়তার সর্বনিম্ন ও সর্বোচ্চ হার নির্ধারণ করিতে পারিবে এবং উক্ত হারে ভাতা প্রদান করা যাইবে।

(৩) অনুদান বা আর্থিক সহায়তাপ্রাপ্য সুবিধাভোগীদেরকে চেক (কেবল প্রাপকের হিসাবে প্রদেয়) বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে অনুদান বা আর্থিক সহায়তা প্রদান করা হইবে।

৩. সাংস্কৃতিক কার্যক্রমে সংশ্লিষ্ট সংস্কৃতিসেবীর সম্পৃক্ততার বিবরণ:

| সাংস্কৃতিক ক্ষেত্র | সাংস্কৃতিক কর্মকান্ডের পর্যায় | সময়কাল | সাংস্কৃতিক কর্মকাণ্ডে জড়িত থাকিবার দলিল পত্রের ছবি |
|---|---|---|---|
| সঙ্গীত/নৃত্য/নাটক/চারুকলা/ভাস্কর্য/ স্থাপত্য/চিত্রকর্ম/সাহিত্য/অন্যান্য সৃজনশীল কর্মকাণ্ড (নির্দিষ্ট করিয়া উল্লেখ করিতে হইবে) | স্থানীয়/আঞ্চলিক/ জাতীয় | | |

৪. আবেদনকারীর উপর নির্ভরশীল ব্যক্তির বিবরণ:

| ক্রমিক | নাম | বয়স | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন নম্বর | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |
| ৩. | | | | |

৫. আবেদনকারীকে চেনেন এমন দু'জন বিশিষ্ট ব্যক্তির নাম এবং পরিচয় (একজন সাংস্কৃতিক ব্যক্তিত্ব হইবেন):

| ক্রমিক | নাম | পদবি (যদি থাকে) | জাতীয় পরিচয়পত্র নম্বর | সাংস্কৃতিক ক্ষেত্র/ কর্মক্ষেত্র | মোবাইল নম্বর | ইমেইল |
|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | |
| ২. | | | | | | |

৬. প্রত্যয়নকারী:

| নাম | পদবি (জেলা কালচারাল অফিসার/ উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসক/মহাপরিচালক বাংলাদেশ শিল্পকলা একাডেমী) | অফিসের নাম | প্রত্যয়নপত্র সংযুক্ত করিতে হইবে |
|---|---|---|---|
| | | | |

৭. পূর্বে ভাতা গ্রহণের তথ্য:

| | |
|---|---|
| কোন সাল হইতে গ্রহণ করিয়াছেন | |
| মাসিক ভাতার পরিমাণ | |

আবেদনকারীর স্বাক্ষর

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ বদরুল আরেফীন**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd